দৈনিক জনকণ্ঠ

৪৩

তারিখ ... JUL 30 1999

পৃষ্ঠা 2 কলাম 2

# জাতীয় বিশ্ববিদ্যালয়ের ডিগ্রী পরীক্ষার ফল কাল প্রকাশ

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার** ॥ জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত ১৯৯৮ সালে ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্স পরীক্ষার ফল আগামীকাল শনিবার প্রকাশিত হচ্ছে। শনিবার বিকাল চারটায় সারা দেশের ডিগ্রী পরীক্ষার কেন্দ্রসমূহে এই ফল এক সাথে প্রকাশ করা হবে। নির্ধারিত তারিখে ফল প্রকাশের লক্ষ্যে প্রতিটি কেন্দ্রে ভারপ্রাপ্ত কর্মকর্তা ব অধ্যক্ষের নিকট ফলাফল পৌঁছানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

পরীক্ষার্থীরা স্ব -স্ব কেন্দ্র ও কলেজ হতে ফলাফল সংগ্রহ করতে পারবেন। বিশ্ববিদ্যালয় অফিসে পরীক্ষার কোন ফল পাওয়া যাবে না। উল্লেখ্য, ফল প্রকাশে জাতীয় বিশ্ববিদালয়ের বিলম্বের ঘটনা এখন সর্বজনবিদিত হলেও এবার ফলাফল বিগত বছরগুলোর তুলনায় আগেভাগেই প্রকাশিত হচ্ছে। অবশ্য কম্পিউটার পদ্ধতিতে ফলাফল প্রণয়ন ও সংরক্ষণের কারণেই এটি সম্ভব হয়েছে বলে জানা গেছে।